# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 JANUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

(১) উম্রাংশু'র কয়লা খনিতে আটকে পড়া শ্রমিকদের একজনের মৃতদেহ উদ্ধার/

(২) কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডার তেজপুরের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আঞ্চলিক মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের অত্যাধুনিক গ্রন্থাগারের উদ্বোধন/ মঙ্গলদৈ'তে অত্যাধুনিক ক্রিটিক্যাল কেয়ার হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন/

(৩) নাগাল্যান্ড পুলিশের আটক করে রাখা আসাম পুলিশের দলটিকে নিরাপদে উদ্ধার/

এবং

(৪) গুণোৎসবে ভালো ফল না করলে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিকে পুনরায় গুণোৎসবে অবতীর্ণ হতে হবে বলে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর ঘোষণা/

---

ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লাখনিতে আবদ্ধ শ্রমিকদের মধ্যে একজনের মৃতদেহ আজ উদ্ধার করা হয়েছে । মৃত শ্রমিক নেপালের উদয়পুর জেলার গংগা বাহাদুর শ্রেষ্ঠ বলে শণাক্ত করা হয়েছে । নৌসেনার ২১ জন ডুবুরী ,সেনাবাহিনী , এস ডি আর এফ ,এন ডি আর এফ ,অগ্নি নির্বাপক বাহিনী এবং স্থানীয় পুলিশ বাকী কয়েকজন শ্রমিককে উদ্ধারের জন্য প্রতিকূল আবহাওয়াকে উপেক্ষা করে অভিযান

অব্যাহত রেখেছে । খনির ভেতর থেকে নির্গত জল নিষ্কাশনের জন্য বেশকয়েকটি শক্তিশালী পাম্প ব্যাবহার করা হলেও জল এখনও সম্পূর্ণভাবে বের করা সম্ভব হয়নি । নৌসেনা আবদ্ধ শ্রমিকদের বের করার জন্য জলের নীচে চলাচল করা অত্যাধুনিক বিশেষ বাহন ব্যবহার করছে । উদ্ধারকারী দলগুলি অভিযানের গুরুত্বের প্রতি লক্ষ্য রেখে রাতের বেলাও উদ্ধারকার্য অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছে । আগেই জানানো হয়েছে যে তিন কিলের খনি দূর্ঘটনায় আটকে পড়া শ্রমিকদের উদ্ধার কার্যে গতকাল থেকে কোল ইন্ডিয়ার একটি দলও অভিযান চালাচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ তেজপুরের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আঞ্চলিক মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানে নির্মাণ করা অত্যাধুনিক গ্রন্থাগার ও তথ্য কেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন । প্রায় ১২ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই গ্রন্থাগার ও তথ্য কেন্দ্রটি ছাত্র ছাত্রী চিকিৎসক এবং রোগীদের আরো বেশি সুবিধা প্রদান করবে বলে আশা করা হচ্ছে । উল্লেখ্য ১৮৭৬ সালে তদানীন্তন ইংরেজ সরকারের দিনে পাগলা ফাটক নামে পরিচিত এই মানসিক চিকিৎসালয়টি স্থাপন করা হয়েছিলো । ১৯৮৯ সালে এই প্রতিষ্ঠানকে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আঞ্চলিক মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠান হিসেবে নামকরণ করা হয় এবং একে অত্যাধুনিক মানসিক চিকিৎসা প্রতিষ্ঠানে উন্নীত করা হয় । বর্তমানে এই প্রতিষ্ঠানে ৩৭৬ টি শয্যাবিশিষ্ট অত্যাধুনিক মনোরোগ চিকিৎসার ব্যাবস্থা রয়েছে ।

এরপর স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা মঙ্গলদৈ সিভিল হাসপাতালে প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো অভিযানের অধীনে ২৩ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মীয়মান ক্রিটিকেল কেয়ার হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এরপর তিনি গেরীমারীতে নির্মীয়মান আসাম দক্ষতা বিকাশ বিশ্ববিদ্যালয়ের নির্মাণকার্যও পরিদর্শন করেন । চাংসারি অভিমূখে যাত্রা করার পূর্বে শ্রী নাড্ডা মঙ্গলদৈর ১৫ নম্বর জাতীয় সড়কের চারলেনযুক্ত বাইপাস নির্মাণের অগ্রগতির খোঁজ নেন এবং সিপাঝার অসামরিকচিকিৎসালয়টিও পরিদর্শন করেন । বিকেলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী চাংসারির অখিল ভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্ঠানে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এবং প্রতিষ্ঠানের সঞ্চালক সহ উচ্চপদস্থ আধিকারিক এবং চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । উত্তর গৌহাটীর ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান পরিদর্শন করে শ্রী নাড্ডার আজ দিল্লী ফিরে যাবার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান দুদিনের আসাম ও মেঘালয় সফরসূচীতে আজ  গৌহাটী এসে উপস্থিত হন । কেন্দ্রীয় মন্ত্রী  গৌহাটীতে রাজ্যের কৃষিমন্ত্রী ও বিভাগীয় আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করবেন । মন্ত্রী শ্রী চৌহান মেঘালয়ের উমিয়ামে ভারতীয় কৃষি গবেষণা পরিষদের আঞ্চলিক কেন্দ্রের স্বর্ণজয়ন্তী সমারোহেও উপস্থিত থাকবেন । এই সমারোহে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুরও উপস্থিত থাকার কথা রয়েছে ।
কেন্দ্রীয় কৃষিমন্ত্রী এই সফরকালে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে গৌহাটীতে আয়োজিত এক কার্যসূচীতে অংশগ্রহণ করবেন । উত্তর-পূর্বাঞ্চলের কৃষি ,গ্রামোন্নয়ন ও কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি রূপায়নের পর্যালোচনার প্রেক্ষিতে মন্ত্রীর এই সফর তাৎপর্যপূর্ণ বলে বিবেচনা করা হচ্ছে ।

----------------------------------------------------------------------------------------

নাগাল্যান্ডের মুককচং জেলায় প্রবেশ করার পর নাগা লোকেদের আক্রমণে আহত আসাম পুলিশের একজন জওয়ানকে আজ আসাম পুলিশ উদ্ধার করতে সমর্থ হয়েছে । পুলিশ সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের চরাইদেউ সংবাদদাতা জানিয়েছেন যে- যোরহাট জেলার টীয়ক পুলিশ থানার ভারপ্রাপ্ত আধিকারিকের নেতৃত্বে গতকাল গাড়ি চুরির ঘটনার তদন্তের জন্যে নাগাল্যান্ডের মুককচং জেলার ইয়া-চাং-চি বস্তি পর্যন্ত যাওয়া ১৬ জন পুলিশের দলটিকে ঐ গ্রামের একাংশ নাগা লোক আক্রমণ করে । এবং এরফলে একাদশ আসাম পুলিশ ব্যাটেলিয়ানের জওয়ান বিদ্যুৎ দাস গুরুতরভাবে আহত হন । ঘটনার খবর পেয়ে নাগাল্যান্ড পুলিশের একটি দল ঐ গ্রামে যান । উল্লেখ্য- আসাম পুলিশের দলটিকে নাগা পুলিশ আটক করে রেখে দেয় । পরে যোরহাট জেলার পুলিশ সুপার শ্বেতাঙ্গ মিশ্র আটক পুলিশের দলটিকে উদ্ধারের জন্যে মুককচং জেলার পুলিশ সুপারের সঙ্গে যোগাযোগ করেন । এবং উভয় জেলার পুলিশ সুপারদের হস্তক্ষেপে তাদের ছাড়িয়ে আনা সম্ভব হয় । এদিকে আহত আসাম পুলিশের জওয়ানকে উন্নত চিকিৎসার জন্য ডিব্রুগড়ে পাঠানো হয়েছে । পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে বলে যোরহাটের পুলিশ সুপার জানিয়েছেন ।

----------------------------------------------------------------------------------------

তিব্বতের টিংরি অঞ্চলে গতকাল অনুভূত রিক্টার স্কেলে সাত দশমিক এক প্রাবল্যের বিধ্বংসী ভূমিকম্পে প্রাণ হারানো লোকের সংখ্যা বেড়ে ১২৮ এ দাঁড়িয়েছে । এভারেস্ট শৃঙ্গের থেকে ৭৫ কিলোমিটার উত্তরে অভিকেন্দ্র থাকা এই ভূমিকম্পে তিব্বত এবং নেপালে প্রায় দুশো লোক আহত হয়েছেন । প্রতিবেশী রাষ্ট্র নেপালে অবশ্য এই ভূমিকম্পে কোনো লোকের প্রাণহানি হয়নি বলে সেদেশের সরকারি সূত্রে জানানো

হয়েছে । চিনের সরকারি সংবাদ সংস্থা ঝিনহুয়ার খবর অনুযায়ী অভিকেন্দ্র থেকে কুড়ি কিলোমিটার ব্যাসার্ধে থাকা তিনটি শহর এবং ২৭টি গ্রামে ব্যাপক ধ্বংসলীলা সংঘটিত হয় । এবং এক হাজারেরও বেশি বসগৃহ ধ্বংসস্তুপে পরিণত হয়েছে । চিনের সরকারি টেলিভিশন চ্যানেল সি সি টি ভি'র খবর অনুযায়ী উদ্ধার অভিযানে পিপল্‌স লিবারেশন আর্মি এবং অগ্নি নির্বাপক বাহিনীর কয়েক হাজার লোক নিয়োজিত রয়েছেন । ভারত সরকার তিব্বতের এই ভূমিকম্পে শতাধিক লোকের প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করেছে । বৈদেশিক পরিক্রমা মন্ত্রণালয়ের জনৈক মুখপাত্র গতকাল সামাজিক মাধ্যমে বলেন যে- তিব্বতের এই বিধ্বংসী ভূমিকম্পে প্রাণ হারানো লোকেদের জন্যে ভারত সরকার দুঃখ প্রকাশ করছে । ভারতীয় এবং ইউরেশিয় প্লেটের ঘর্ষণের ফলে সৃষ্টি হওয়া এই ভূমিকম্পে চিন সেদেশের ইয়ারালাং ছাংপু নামে পরিচিত ব্রহ্মপুত্র নদের উপরে প্রস্তাবিত পৃথিবীর বৃহত্তম নদীবাঁধ তৈরি করা হলে, তা ভারতের জন্য বিশাল প্রত্যাহ্বানের সৃষ্টি করবে বলে বিশেষজ্ঞদের এই বিষয়ে উদ্বেগ বৃদ্ধি পেয়েছে ।

---

কেন্দ্রীয় পার্বত্য পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে আজ মিজোরামের মামিত জেলার সদর শহরে গিয়ে সেখানকার জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি এই জেলার উন্নয়ন ও কল্যাণমূলক বিভিন্ন প্রকল্পের রূপায়ণের বিষয়ে আলোচনার জন্য আয়োজন করা এক বৈঠকে পৌরহিত্য করেন । উল্লেখ্য- মামিত একটি অভিলাষী জেলা । শ্রী উইকে তাঁর বক্তব্যে বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার গ্রামীণ পার্বত্য অঞ্চলের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে । মন্ত্রী শ্রী উইকে তিনদিনের মিজোরাম সফরে গতকাল আইজল এসেছেন ।

---

করিমগঞ্জ সহ রাজ্যের এগারোটি জেলার শিক্ষার গুনগত মান উন্নত করার উদ্দেশ্যে শিক্ষা বিভাগের আয়োজন করা চলতি বছরের গুণোৎসবের প্রথম পর্যায়ের আজ তৃতীয় দিন । শিক্ষামন্ত্রী তথা শিবসাগর জেলার অভিভাবক মন্ত্রী ডা:রণোজ পেগু আজ জেলার বেশকয়েকটি বিদ্যালয় পরিদর্শন করে গুণোৎসবের মূল্যায়ন করেন । পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী গুণোৎসবে ভালো ফল না করলে সংশ্লিষ্ট বিদ্যালয়গুলিকে পুনরায় গুণোৎসব অবতীর্ণ হতে হবে বলে ঘোষনা করেন । সেইসঙ্গে তিনি শিক্ষা ও আনুসঙ্গিক ক্ষেত্রগুলিতে ভালো ফল না করা ছাত্রছাত্রীদের অতিরিক্ত পাঠদান করতে শিক্ষক শিক্ষিকাদের নির্দেশ দেন ।

একইভাবে বরপেটা জেলায়ও জেলার অভিভাবক মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী বহিঃমূল্যায়ক হিসেবে গুণোৎসবের কার্যসূচীতে উপস্থিত ছিলেন । শ্রী পাটোয়ারী গুণোৎসব রাজ্যের শিক্ষা ব্যাবস্থায় ইতিবাচক প্রভাব ফেলেছে বলে মন্তব্য করেন । শিক্ষা ব্যাবস্থার দূর্বলতাগুলি গুণোৎসবের মাধ্যমে শণাক্ত করে এগুলি দূর করার ব্যবস্থা করা হয়েছে বলেও মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে প্রথম পর্যায়ের গুণোৎসবের আজ তৃতীয় দিনে শ্রীভূমি জেলার আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিদেবী ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের লাতু আর্দশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে শিক্ষার্থীদের সাথে মত বিনিময় করার পাশাপাশি বিদ্যালয়ের শিক্ষা পদ্ধতি , পরিকাঠামো সহ শিক্ষার গুণগত মান সর্ম্পকে বর্হি মূল্যায়কের দায়িত্ব পালন করেন ।

এদিকে গুণোৎসবে গিয়ে বিদ্যালয়ের পরিকাঠামোর অভাব জেলা আয়ুক্তের দৃষ্টি গোচর হওয়ায় তিনি অবিলম্বে স্কুলটির পরিকাঠামো উন্নয়নে বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আসন্ন সাধারণতন্ত্র দিবস যথাযোগ্য মর্য্যাদায় পালনের জন্য আজ একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত এলডার্ড ফাইরিমের পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠান হাইলাকান্দির নেতাজি সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজন করার সিদ্ধান্ত হয়েছে । আজকের সভায় সব বিভাগের উচ্চপদস্থ আধিকারিক সহ জেলার প্রবীণ নাগরিক , বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মকর্তারা অংশ নেন।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার নারকেল চাষীদের অবগতির জন্য জানিয়েছেন যে- কেন্দ্রীয় সরকারের নারকেল উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে নারকেল চাষ করা কৃষকদের জন্য নারকেল গাছ পুর্নজীবন ও পুর্নরোপণ প্রক্রিয়া গ্রহন করা হয়েছে । ইচ্ছুক নারকেল চাষীদের এই সুযোগ গ্রহন করার জন্য নিকটবর্তী কৃষি উন্নয়ন আধিকারিক বা রামকৃষ্ণ নগরের মহকুমা কৃষি আধিকারিক, শ্রীভূমি জেলা কৃষি আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর শ্রীভূমি পূর্ত বিভাগের সড়ক শাখার সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমি-লক্ষীবাজার সড়কের তিন কিলোমিটার অংশে একটি কালভার্ট

নির্মাণ করা হচ্ছে । এর পরিপ্রেক্ষিতে হালকা যানবাহন চলাচলের জন্য নির্মিয়মান কালভার্টের পাশে একটি সাবওয়ে নির্মাণ করা হয়েছে । এই কালভার্ট নির্মাণের জন্য আগামী ৪৫ দিন এই সাবওয়ে দিয়ে সব ধরণের ভারী যান চলাচল বন্ধ রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ের  পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে আগ্রহী সরবরাহকারী সংস্থাগুলি থেকে বিভিন্ন শর্তাবলীর ভিত্তিতে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে স্টেশনারী ও নির্বাচন সংক্রান্ত সামগ্রী সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে । ইচ্ছুক সরবরাহকারী সংস্থাগুলিকে আগামী ১৬ই জানুয়ারীর মধ্যে দরপত্র জমা দিতে বলা হয়েছে । বিশদ বিবরন জেলা আয়ুক্তের কার্যালয়ের নোটিশ বোঁডে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------